বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ- ০২২২৩৩-৮৮৯৪৯
ই-মেইলঃ-dgmlad1@krishibank.org.bd

**জেনারেল ক্রেডিট বিভাগ**

নং-বিকেবি-প্রকা/জেঃক্রেঃবিঃ/১(১৩)/২০২৩-২০২৪/ ২৩৩২(১২৫০) তারিখঃ ৩১/১২/২০২৩

বিষয় ঃ ঋণগ্রহিতার Internal Credit Risk Rating System (ICRRS) রেটিং Unacceptable হলে আগামী ০১/০১/২০২৪ তারিখ হতে ICRRS Guidelines এর 1.10(e) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণ প্রসঙ্গে।

সূত্র নং ঃ সার্কুলার লেটার- প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৩(৭)/২০২২-২০২৩/৮৮০(১২৫০); তারিখঃ ২৯/০৯/২০২৩।

বর্ণিত বিষয়ে উপরোক্ত সার্কুলার লেটার এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। কোভিড-১৯ এর দীর্ঘমেয়াদি নেতিবাচক প্রভাব ও বহিঃবিশ্বে যুদ্ধাবস্থা প্রলম্বিত হওয়ার কারণে উদ্ভূত বৈশ্বিক অস্থিতিশীলতার প্রেক্ষিতে ঋণগ্রহিতাদের ব্যবসায়িক কর্মকান্ড ক্ষতিগ্রস্থ হওয়ায় তাদের আর্থিক বিবরণীতে নেতিবাচক প্রভাব পড়ে বিধায় ব্যবসায়িদের আওতা বহির্ভূত কারণে আর্থিক অবস্থার ক্ষতির সম্মুখীন হওয়ায় অনেক প্রতিষ্ঠান নতুনভাবে ঋণ নবায়নসহ প্রয়োজনীয় ক্ষেত্রে ঋণের সীমা বৃদ্ধিকরণে ICRRS এর নীতিমালার আওতায় বাধাগ্রস্ত হওয়ায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক সার্বিক বিবেচনায় দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখার স্বার্থে ICRRS Guidelines এর 1.10(e) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনার স্থলে ঋণগ্রহিতার ICRR এর রেটিং পর পর ০৩ বার 'Unacceptable' হলে ৩য় বার ঋণ নবায়নসহ বিদ্যমান ঋণসীমা বৃদ্ধি করা যাবে সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনা ৩১ ডিসেম্বর ২০২৩ সাল পর্যন্ত বলবৎ আছে।

০৩। এমতাবস্থায়, আগামী ০১/০১/২০২৪ তারিখ হতে ঋণ প্রস্তাবসমূহ প্রক্রিয়াকরণের ক্ষেত্রে ICRRS Guidelines এর 1.10(e) অনুচ্ছেদ অনুযায়ী ঋণগ্রহিতার ICRR এর রেটিং 'Unacceptable' থাকলে সর্বোচ্চ ০২(দুই) বার গ্রাহকের ঋণ নবায়ন এবং বিদ্যমান ঋণসীমা বৃদ্ধি সংক্রান্ত নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। পর পর ০৩ (তিন) বছর ICRR এর রেটিং 'Unacceptable' থাকলে অর্থায়ন বিবেচনা করা সম্ভব হবে না।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

৩১/১২/২০২৩
(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-বিকেবি-প্রকা/জেঃক্রেঃবিঃ/১(১৩)/২০২৩-২০২৪/ ২৩৩২(১২৫০) তারিখঃ ৩১/১২/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

31/12/2023
(মহুয়া চন্দ)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd


সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৩(৭)/২০২২-২০২৩/৮৮০(১২৫০) তারিখঃ ২৯/০৯/২০২২ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ঋণগ্রহীতার Internal Credit Risk Rating System (ICRRS) রেটিং পর পর ০৩ বার Unacceptable হলেও ৩য় বার ঋণ নবায়নসহ প্রয়োজনীয় ক্ষেত্রে ঋণের সীমা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-২) এর সূত্রঃবিআরপিডি (বিএস) ৬৬১/১৪বি(পি)/২০২২/৯৭৬৬, তারিখ: ২৫/০৯/২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-২) এর ২৫/০৯/২০২২ তারিখের সূত্রঃবিআরপিডি (বিএস) ৬৬১/১৪বি(পি)/২০২২/৯৭৬৬ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি তথা যথাযথ অনুসরণ ও পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে নিম্নে মুদ্রণ করা হলো ঃ

" শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং ১২, তারিখঃ ২০/০৬/২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে জারিকৃত ICRRS Guidelines এর অনুচ্ছেদ 1.10(e) এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী ঋণগ্রহীতার ICRR এর রেটিং 'Unacceptable' থাকলে ব্যাংক সর্বোচ্চ ০২(দুই) বার গ্রাহকের ঋণ নবায়ন এবং বিদ্যমান ঋণসীমা বৃদ্ধি করতে পারে।

৩। কোভিড-১৯ এর দীর্ঘমেয়াদী নেতিবাচক প্রভাব ও বহিঃবিশ্বে সাম্প্রতিক যুদ্ধাবস্থা প্রলম্বিত হওয়ার কারণে উদ্ভূত বৈশ্বিক অস্থিতিশীলতার প্রেক্ষিতে ঋণগ্রহীতাদের ব্যবসায়িক কর্মকান্ড ক্ষতিগ্রস্থ হচ্ছে যার ফলশ্রুতিতে তাদের আর্থিক বিবরণীতেও এর নেতিবাচক প্রভাব পড়েছে। এ প্রেক্ষিতে ব্যবসায়িদের আওতা বহির্ভূত কারণে আর্থিক অবস্থার ক্ষতির সম্মুখীন হওয়ায় অনেকেই নতুনভাবে ঋণ নবায়ন অথবা প্রয়োজনীয় ক্ষেত্রে বিদ্যমান ঋণসীমা বৃদ্ধিতে বর্তমান ICRRS এর নীতিমালার আওতায় বাধাগ্রস্থ হচ্ছেন মর্মে বিভিন্ন ব্যাংক হতে বাংলাদেশ ব্যাংক অবহিত হয়েছে।

৪। সার্বিক বিবেচনায় দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা বজার রাখার স্বার্থে ICRRS Guidelines এর 1.10(e) অনুচ্ছেদে বর্ণিত ঋণ নবায়নসহ প্রয়োজনীয় ঋণসীমা বৃদ্ধির ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) ঋণগ্রহীতার ICRR এর রেটিং পর পর ০৩ বার 'Unacceptable' হলে ৩য় বার ঋণ নবায়নসহ বিদ্যমান ঋণসীমা বৃদ্ধির ক্ষেত্রে ব্যাংকসমূহের নিজস্ব ঋণঝুঁকি নীতিমালার আওতায় গ্রাহকের আর্থিক সক্ষমতা, জামানত, ইত্যাদি পর্যালোচনাপূর্বক ব্যাংকের পরিচালনা পর্ষদ স্বীয় বিবেচনায় সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;

খ) ভবিষ্যতে ঋণ গ্রহীতা যাতে ICRR রেটিং এর মান উন্নয়ন করার নিমিত্তে যথাযথ পদক্ষেপ গ্রহণ করে সে বিষয়ে ব্যাংকের মনিটরিং জোরদার করাসহ উক্ত ঋণসমূহের বিষয়ে ব্যাংকের পরিচালনা পর্ষদের আরোপিত সকল শর্তাদি গ্রাহক কর্তৃক যথাযথভাবে পরিপালনের বিষয়টি নিশ্চিত করতে হবে;

গ) ৩য় বার ঋণ নবায়নসহ প্রয়োজনীয় ক্ষেত্রে বিদ্যমান ঋণসীমা বৃদ্ধি সংক্রান্ত উপরোক্ত নির্দেশনা ৩১ ডিসেম্বর ২০২৩ সাল পর্যন্ত বলবৎ থাকবে। "

চলমান পাতা-০২

বিষয়ঃ ঋণগ্রহীতার Internal Credit Risk Rating System (ICRRS) রেটিং পর পর ০৩ বার Unacceptable হলেও ৩য় বার ঋণ নবায়নসহ প্রয়োজনীয় ক্ষেত্রে ঋণের সীমা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

০৩। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-২) এর ২৫/০৯/২০২২ তারিখের সূত্রঃবিআরপিডি (বিএস) ৬৬১/১৪বি(পি)/২০২২/৯৭৬৬ এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো। এমতাবস্থায়, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-২) এর সূত্রঃবিআরপিডি (বিএস) ৬৬১/১৪বি(পি)/২০২২/৯৭৬৬ এ বর্ণিত নির্দেশনা যথাযথ ভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৩(৭)/২০২২-২০২৩/৮৮০(১২৫০)

তারিখঃ ২৯/০৯/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব ওয়েব সাইটের উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯


# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।


সূত্রঃবিআরপিডি(বিএস)৬৬১/১৪বি(পি)/২০২২/৯৭৬৬

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
(ডিভিশন-২)
তারিখঃ ২৫/০৯/২০২২

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক
প্রধান কার্যালয়/ঢাকা অফিস
ঢাকা/রাজশাহী।

প্রিয় মহোদয়,

**ঋণগ্রহীতার Internal Credit Risk Rating System (ICRRS) রেটিং পর পর ০৩ বার Unacceptable হলেও ৩য় বার ঋণ নবায়নসহ প্রয়োজনীয় ক্ষেত্রে ঋণের সীমা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং ১২, তারিখঃ ২০/০৬/২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে জারিকৃত ICRRS Guidelines এর অনুচ্ছেদ 1.10(e) এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী ঋণগ্রহীতার ICRR এর রেটিং "Unacceptable" থাকলে ব্যাংক সর্বোচ্চ ০২ (দুই) বার গ্রাহকের ঋণ নবায়ন এবং বিদ্যমান ঋণসীমা বৃদ্ধি করতে পারে।

৩। কোভিড-১৯ এর দীর্ঘমেয়াদী নেতিবাচক প্রভাব ও বহিঃবিশ্বে সাম্প্রতিক যুদ্ধাবস্থা প্রলম্বিত হওয়ার কারণে উদ্ভূত বৈশ্বিক অস্থিতিশীলতার প্রেক্ষিতে ঋণগ্রহীতাদের ব্যবসায়িক কর্মকান্ড ক্ষতিগ্রস্ত হচ্ছে যার ফলশ্রুতিতে তাদের আর্থিক বিবরণীতেও এর নেতিবাচক প্রভাব পড়েছে। এ প্রেক্ষিতে ব্যবসায়িদের আওতা বহির্ভূত কারণে আর্থিক অবস্থার ক্ষতির সম্মুখীন হওয়ায় অনেকেই নতুনভাবে ঋণ নবায়ন অথবা প্রয়োজনীয় ক্ষেত্রে বিদ্যমান ঋণসীমা বৃদ্ধিতে বর্তমান ICRRS এর নীতিমালার আওতায় বাধাগ্রস্ত হচ্ছেন মর্মে বিভিন্ন ব্যাংক হতে বাংলাদেশ ব্যাংক অবহিত হয়েছে।

৪। সার্বিক বিবেচনায় দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখার স্বার্থে ICRRS Guidelines এর 1.10(e) অনুচ্ছেদে বর্ণিত ঋণ নবায়নসহ প্রয়োজনীয় ঋণসীমা বৃদ্ধির ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) ঋণগ্রহীতার ICRR এর রেটিং পর পর ০৩ বার 'Unacceptable' হলে ৩য় বার ঋণ নবায়নসহ বিদ্যমান ঋণসীমা বৃদ্ধির ক্ষেত্রে ব্যাংকসমূহের নিজস্ব ঋণঝুঁকি নীতিমালার আওতায় গ্রাহকের আর্থিক সক্ষমতা, জামানত, ইত্যাদি পর্যালোচনাপূর্বক ব্যাংকের পরিচালনা পর্ষদ স্বীয় বিবেচনায় সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে ;

খ) ভবিষ্যতে ঋণ গ্রহীতা যাতে ICRR রেটিং এর মান উন্নয়ন করার নিমিত্তে যথাযথ পদক্ষেপ গ্রহণ করে সে বিষয়ে ব্যাংকের মনিটরিং জোরদার করাসহ উক্ত ঋণসমূহের বিষয়ে ব্যাংকের পরিচালনা পর্ষদের আরোপিত সকল শর্তাদি গ্রাহক কর্তৃক যথাযথভাবে পরিপালনের বিষয়টি নিশ্চিত করতে হবে ;

গ) ৩য় বার ঋণ নবায়নসহ প্রয়োজনীয় ক্ষেত্রে বিদ্যমান ঋণসীমা বৃদ্ধি সংক্রান্ত উপরোক্ত নির্দেশনা ৩১ ডিসেম্বর ২০২৩ সাল পর্যন্ত বলবৎ থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০০৯৫